

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
প্রশিক্ষণ শাখা
www.dshe.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১০.৩২.২২৭.১৯.১৫৪

তারিখ: ২৭ মাঘ ১৪২৬


১০ ফেব্রুয়ারি ২০২০

বিষয়: অর্জিত ছুটিকে ভূতাপেক্ষভাবে শিক্ষা ছুটিতে রূপান্তর সংক্রান্ত

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনি জনাব মো: রাশেদুল হাসান, সহকারী শিক্ষক, উত্তর খান সরকারি মাধ্যমিক বিদ্যালয়, ঢাকা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং ১টি/২৩টিএম/৯৭/৯৬৯৮ তারিখ : ৩১/০৮/২০০৯ খ্রি. মোতাবেক এম.ফিল গবেষণার জন্য ০১ (এক) বছর এবং স্মারক নং ১টি/২৩টিএম/৯৭/১৫৯৫ তারিখ : ২৮/০৯/২০১০ খ্রি. মোতাবেক এম.ফিল লিডিং টু পিএইচ.ডি গবেষণার জন্য ০১ (এক) বছর শিক্ষাছুটি প্রাপ্ত হন। মাউশি অধিদপ্তরের স্মারক নং ৩৭.০২.০০০০.১১০.৩২.১৩৫.২০১৭.১১৯০ তারিখ : ১৬/১০/২০১৭ খ্রি. মোতাবেক ০২ (দুই) মাসের শিক্ষাছুটি বাতিল করা হয়। পরবর্তীতে মাউশি অধিদপ্তরের স্মারক নং ৩৭.০২.০০০০.১১০.৩২.৮৩.২০১৮.৭৭৭ তারিখ : ৩০/০৮/২০১৮ খ্রি. মোতাবেক ০২ (দুই) মাস শিক্ষাছুটি এবং ১০ (দশ) মাস অর্জিত ছুটিসহ মোট ০১ (দুই) বছর ছুটি ভোগ করেছেন। অর্থাৎ আপনি ইতোমধ্যে ০২ (দুই) বছর শিক্ষাছুটি ভোগ করেছেন।

বিএসআর, পার্ট-১ এর বিধি-১৯৪ এবং এফআর-৮৪ এবং উচ্চ শিক্ষা সংক্রান্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২০১৫ সালের প্রজ্ঞাপন অনুযায়ী একজন সরকারি কর্মচারী সমগ্র চাকুরি জীবনে সর্বোচ্চ ০২ (দুই) বছর শিক্ষাছুটি পেতে পারেন। যেহেতু আপনি ইতোমধ্যে ০২ (দুই) বছর শিক্ষাছুটি ভোগ করেছেন তাই আপনার আবেদিত ০৪ (চার) মাস অর্জিত ছুটিকে শিক্ষাছুটিতে রূপান্তরের কোন সুযোগ নেই।

এমতাবস্থায়, বিষয়টি আপনাকে নির্দেশক্রমে অবহিত করা হলো।



১০-২-২০২০

ড. প্রবীর কুমার ভট্টাচার্য্য
পরিচালক

জনাব মো: রাশেদুল হাসান, সহকারী শিক্ষক, উত্তর
খান সরকারি মাধ্যমিক বিদ্যালয়, ঢাকা।

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১০.৩২.২২৭.১৯.১৫৪/১(৪)

তারিখ: ২৭ মাঘ ১৪২৬

১০ ফেব্রুয়ারি ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
- ২) প্রধান শিক্ষক, উত্তর খান সরকারি মাধ্যমিক বিদ্যালয়, ঢাকা।
- ৩) পিএটু মহাপরিচালক (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
- ৪) সংরক্ষণ নথি।

Femi

১০-২-২০২০

মোঃ তানভীর হাসান
সহকারী পরিচালক-২